
# দেবতা ও রাজারা



Published by the Comic Bible Society, LLC
Copyright © 2021

Kingstone Comics maintains copyright to this comic book as provided by United States copyright law.

Print and digital copies of this version may be freely distributed without penalty under a Creative Commons license.



সদাপ্রভু একজন যুবক রাখাল ছেলে, দায়ূদকে ডেকেছিলেন, তাঁর ইস্রায়েল জাতিকে নেতৃত্ব দিতে।
সদাপ্রভু দায়ূদকে আশীর্বাদ করেছেন এবং ইস্রায়েলের রাজত্ব বিশালভাবে বৃদ্ধি করেছেন।
রাজা দায়ূদের ছেলে, শলোমন, দায়ূদের পরে রাজত্ব করেছিলেন। শলোমনের বিদেশী স্ত্রীরা সদাপ্রভুর কাছ থেকে তাঁর হৃদয় সরিয়ে নিতে শুরু করেছিলেন।
সদাপ্রভু শলোমন এবং তাঁর বংশধরদের কাছ থেকে রাজত্ব ছিঁড়ে নিতে শুরু করেছিলেন।
কিন্তু সদাপ্রভু দায়ূদের কথা মনে করে একটা গোষ্ঠী রেখে গেছেন – যা থেকে প্রতিশ্রুত মশীহ আসবেন।
শলোমনের মৃত্যুর পর ইস্রায়েল রাজত্ব ইস্রায়েল ও যিহূদার মধ্যে বিভক্ত হয়ে যায়। এটি আর কখনও তার শক্তি বা মর্যাদায় ফিরে আসে নি।
নিম্নলিখিত পৃষ্ঠাগুলোতে ইস্রায়েলের আধ্যাত্মিক এবং শারীরিক পতনের কাহিনী রয়েছে।
১রাজাবলি ১১:১৩


পুরাতন নিয়মের মিথ্যা দেব-দেবী
রাহেলের
পারিবারিক দেবমূর্তি
আদিপুস্তক ৩১:১৯
সিনাই পর্বতের সোনার বাছুর
যাত্রাপুস্তক ৩২
আশেরা – সোরের
প্রধান দেবী
বিচারকর্তৃগণ ৬:২৪-৩২
দাগোন – বালের পিতা,
পলেষ্টীয়দের সমুদ্র ও
কৃষির দেবতা
বিচারকর্তৃগণ ১৬:২৩-৩০,
১শমূয়েল ৫:১-৭


নান্না- উর এর
চাঁদ দেবতা
পরিত্রাণের আগে অব্রাহাম
উপাসনা করেছেন
যিহোশূয় ২৪:২
মোলক –
অম্মোনীয়দের দেবতা
১রাজাবলি ১১:৭;
২ বংশাবলি ২৮:১৪, ৩৩:৬
অষ্টারোৎ – কনানীয় দেবী,
বাল দেবতার স্ত্রী
১শমূয়েল ৭:৩-৪
দান ও বৈথেলে
সোনার বাছুরের মূর্তি
১রাজাবলি ১২:২৮-৩১


বাল – কনানের প্রধান দেবতা
১রাজাবলি ১৮:১৭-৪০;
২রাজাবলি ১০:২৮, ১১:১৮
রিম্মোণ – নামান কুষ্ঠরোগীর সিরিয়ার দেবতা
২রাজাবলি ৫:১৫-১৯
মরোদক – বাবিলীয়দের সব দেবতার প্রধান দেবতা
যিরমিয় ৫০:২
তম্মুষ – স্বামী এবং ভাই আশেরা/ইশতার, উর্বরতার দেবী
যিহিস্কেল ৮:১৪


নিস্রোক – সন্হেরীবের আশিরিয়ান দেবতা
২রাজাবলি ১৯:৩৭
নবো - বাবিলীয়দের জ্ঞান ও সাহিত্যের দেবতা
যিশাইয় ৪৬:১
নবূখদ্‌নিৎসরের স্বর্ণের চিত্র বা মূর্তি দূরার সমভূমিতে
দানিয়েল ২

# ইস্রায়েলের রাজারা (বিভক্ত রাজ্য)

সব তারিখ খ্রীষ্ট পূর্বাব্দে


যারবিয়াম ১
৯৩১-৯১৩


নাদব
৯১০-৯০৯


বাশা
৯০৯-৮৮৬


তিব্নি
৮৮৫-৮৮০


অম্রি
৮৮৫-৮৭৪


যেহূ
৮৪১-৮১৪


যিহোবা
৮১৪-৭৯৮


যিহোয়াশ
৭৯৮-৭৮২


শল্লুম
৭৫২


মনহেম
৭৫২-৭৪২




ইস্রায়েল – ১রাজাবলি ১২:২৫ – ২রাজাবলি ১৭:১-৪১

# যিহূদার রাজারা (বিভক্ত রাজ্য)

সব তারিখ খ্রীষ্ট পূর্বাব্দে






১রাজাবলি ১২:১- ২রাজাবলি ২৫:২১; ২বংশাবলি ১০:১-৩৬:২১


শলোমনের মৃত্যুর পরে তাঁর পুত্র রহবিয়াম রাজা হবার জন্য শিখিম শহরে গেলেন।
বৃদ্ধ নেতারা যারবিয়ামকে মিশর থেকে ফিরে আসার জন্য ডেকে পাঠালেন।
আপনার বাবা একজন কঠিন শাসক ছিলেন।
আমরা চাই না আপনি আমাদের উপর শাসন করুন যতক্ষন না পর্যন্ত আপনি আপনার বাবার চেয়ে ভাল ব্যবহার করার প্রতিজ্ঞা করবেন।
আমাকে এই বিষয়ে ভাবার জন্য তিন দিন দাও – তারপর আমার উত্তরের জন্য ফিরে এসো।
আপনারা প্রত্যেকেই সেই লোক ছিলেন যারা আমার বাবাকে পরামর্শ দিয়েছিলেন – আমাকে বলুন – এই লোকদের উত্তর দেবার জন্য আপনাদের পরামর্শ কি?
আজকে যদি আপনি এই সব লোকদের সেবাকারী হয়ে তাদের সেবা করেন এবং তাদের অনুরোধ রক্ষা করেন - আপনি চিরকাল তাদের রাজা হতে পারবেন।
আমার বাবার পরামর্শদাতারা এটি বলেছে...
আমরা সুযোগের অপেক্ষায় ছিলাম আমাদের নতুন পরামর্শ দেবার জন্য...এই বৃদ্ধ লোকদের পরামর্শ... এবং তাদের পুরানো উপায়ে নয়।
আমরা আপনাকে যা বলতে পরামর্শ দিচ্ছি তা হল...


তাদের বলুন - তোমরা যদি ভাব আমার বাবা তোমাদের প্রতি কঠোর ছিলেন - আমি আরো কঠোর হব!
আমার বাবা তোমাদের উপর চাবুক ব্যবহার করেছিলেন, কিন্তু আমি কাঁকড়া-বিছা ব্যবহার করব!
আমার এটা ভাল লেগেছে। আমাকে তাদের ভয় পাওয়া উচিত।
তিন দিন পর...
তাহলে আমাদের রাজা মহারাজ কি বলবেন?
তোমাদের রাজা মহারাজ বলছেন...
হ্যাঁ, আমার বাবা কঠিন ছিলেন, কিন্তু আমি আরো বেশী কঠোর হব!
আমার বাবা তোমাদের উপর চাবুক ব্যবহার করেছেন, কিন্তু আমি কাঁকড়া-বিছা ব্যবহার করব!
দায়ূদ এবং তাঁর সব আত্মীয়দের সাথে!
আমরা বাড়ী ফিরলাম - এবং রহবিয়ামকে তাঁর নিজের পরিবারের রাজা হতে দাও!
রাজা তাঁর বাধ্য করা শ্রমিকদের ভার যার উপর ছিল সেই অদোরামকে পাঠালে, লোকেরা তাঁকে পাথর মেরেছিলেন।
রাজা রহবিয়াম তাড়াতাড়ি তাঁর রথে উঠে যিরূশালেমে পালিয়ে গেলেন।
সুতরাং রহবিয়াম শুধুমাত্র যিহূদার উপর এবং যারবিয়াম শুধু ইস্রায়েলের উপর রাজত্ব করেছিলেন।


যিহূদার সমস্ত যুদ্ধরত লোককে একত্রিত কর – তাতে এক লক্ষ আশি হাজার সৈন্য হল।
আমি এই বিদ্রোহীদের একটি শিক্ষা দেব যা তারা কখনই ভুলে যাবে না!
নবী শময়িয় – ঈশ্বরের লোক, আমাকে বাধা দিচ্ছেন কেন?
আমি আমার সদাপ্রভুর শত্রুদের উপর প্রতিশোধ নিতে যাচ্ছি।
তোমরা এরকম কিছু করবে না - যিহূদা এবং বিন্যামীন অবশ্যই তাদের ভাইদের বিপক্ষে যুদ্ধ করবে না।
সদাপ্রভু তাদের বাড়ী চলে যেতে বলেছেন – যা কিছু ঘটেছিল তা তাঁর পরিকল্পনা অনুসারে হয়েছিল।
এদিকে...
যারবিয়াম ইস্রায়েলের উত্তর এবং দক্ষিণ উভয় অংশে সোনার বাছুর তেরি করেছিল যাতে লোকেরা সেখানে উপাসনা করতে পারে এবং উপাসনা করার জন্য যিরূশালেমে যেতে হবে না।



আমার সতর্ক থাকা প্রয়োজন নয়তো লোকেরা দায়ূদের বংশধরকে তাদের রাজা হিসেবে চাইতে পারে।
যদি তারা যিরূশালেমের উপাসনা-ঘরে যায় তবে তারা রাজা রহবিয়ামের পক্ষ নেবে এবং আমার পরিবর্তে তাঁকে রাজা হিসাবে চাইবে।
যিরূশালেমে উপাসনা করতে যাওয়া তোমাদের জন্য খুব কষ্টের ব্যাপার; এখন থেকে এঁরাই তোমাদের দেবতা – এঁরাই মিসরের বন্দী অবস্থা থেকে তোমাদের বের করে এনেছেন!
রাজা আমাদেরকে নিজেদের ধন্যবাদের উৎসব এবং আমাদের নিজেদের পুরোহিত দিয়েছেন।
তিনি ভুল করে চলেছেন... সদাপ্রভু আমাদেরকে কখন উৎসব করতে হবে সে সম্পর্কে আদেশ দিয়েছিলেন এবং - সদাপ্রভুর নিয়ম অনুসারে শুধুমাত্র হারোনের ছেলেরা যাজক হতে পারবেন।
শীঘ্রই, যে কেউ পুরোহিত হতে পারে।
যারবিয়ামের পাপ এবং সদাপ্রভুর নির্দেশ অনুসারে উপাসনা করতে অস্বীকৃতি তাঁর পতন ও ধ্বংস নিয়ে এসেছিল।


ওহে বেদী, সদাপ্রভু এই কথা বলছেন যে দায়ূদের বংশে যোশিয় নামে একটি ছেলের জন্ম হবে - এবং পূজার উঁচু স্থানগুলোর যে পুরোহিতেরা এখন তোমার উপর পশু উৎসর্গ করছে সেই পুরোহিতদের সে তোমার উপরেই উৎসর্গ করবে এবং মানুষের হাড়ও পোড়াবে।'
মানুষের হাড়ও তোমার উপর পুড়িয়ে ফেলা হবে।
এই চিহ্নের প্রমাণ - এই বেদীটা ফেটে যাবে, এবং তার উপরকার ছাই সব পড়ে যাবে।
এই বোকা বৃদ্ধকে ধর যে একজন রাজার বিরুদ্ধে ভবিষ্যদ্বানী করেবেন।
ওহ দয়া করে - আপনার ঈশ্বর সদাপ্রভুর কাছে অনুরোধ করুন যাতে আমার হাত আবার ভাল হয়ে যায়।



১রাজাবলি ১৩:১-৬


আমার বাড়ীতে এসে বিশ্রাম নিন এবং খাওয়া-দাওয়া করুন - আর আমি আপনাকে আমার হাত ভাল হবার জন্য একটা উপহার দেব।
আপনার সম্পত্তির অর্ধেকটা দিলেও আমি যাব না। আমি এখানে কোন খাবার বা জল না খাবার কঠোর আদেশের মধ্যে রয়েছি – শুধুমাত্র অন্য পথে যিহূদাতে ফিরে আসার জন্য।
বাবা – আমরা বৈথেলে এইমাত্র যা দেখেছি আপনি তা বিশ্বাস করবেন না!! একজন নবী যারবিয়ামের বেদীর উপর সদাপ্রভুর অভিশাপকে ডেকে এনেছিলেন – তারপর সদাপ্রভু রাজার শুকিয়ে যাওয়া হাতটিকে সুস্থ করলেন।
তিনি কোথায় আছেন আমাকে বল - আমাকে অবশ্যই তাঁর কাছে যেতে হবে।
আপনি কি যিহূদা থেকে সেই নবী?
হ্যাঁ আমি ই সেই লোক।
আমার সংগে বাড়ী চলুন এবং খাওয়া-দাওয়া করুন।
ঈশ্বর চান না যে এখানে থাকতে খাবার বা জল আমাকে দাও – বা যে পথে এসেছি সেই পথে ফিরে যাই।
আমিও একজন নবী এবং সদাপ্রভুর কাছ থেকে একজন স্বর্গদূত আমাকে বলেছেন যেন আমি আপনাকে আমার সাথে বাড়ীতে নিয়ে যাই এবং আপনাকে খাবার ও জল দেই।
সদাপ্রভুর স্পষ্ট আদেশ অমান্য করে নবী তাঁর সাথে গেলেন।


সদাপ্রভু এই কথা বলছেন যে আপনি তাঁর দেয়া সুস্পষ্ট আদেশ অমান্য করেছেন এবং যে জায়গায় তিনি আপনাকে নিষেধ করেছিলেন আপনি সেখানেই খাওয়া-দাওয়া করেছেন– কাজেই আপনার পূর্বপুরুষদের কবরে আপনার দেহ রাখা হবে না।
তাড়াতাড়ি আসুন – নবীকে হত্যা করা হয়েছে!
হায় – ভাই আমার।
নবীকে যেখানে কবর দেওয়া হয়েছে আমি মারা গেলে পর আমাকে সেই কবরেই কবর দিয়ো। আমার হাড় তাঁর হাড়ের পাশেই রেখো।
সদাপ্রভু তাকে বৈথলের বেদীটির বিরুদ্ধে চিৎকার করতে বলেছিলেন এবং শমরিয়ার শহরগুলিতে মন্দিরগুলির বিরুদ্ধে তাঁর অভিশাপ অবশ্যই পূর্ণ হবে।



এত কিছু হবার পরেও রাজা যারবিয়াম তার মন্দ উপায়গুলি পরিবর্তন করেন নি... এবং তার ছেলে অসুস্থ হয়ে পড়েছিলেন।
আমাদের ছেলে খুব অসুস্থ – আমাদের অবশ্যই কিছু করা উচিত।
নিজেকে ছদ্দবেশে সাজিয়ে শীলোতে নবী অহিয়ের কাছে যাও – এই লোক যিনি আমাকে বলেছিলেন যে আমি রাজা হব।
দশটা রুটি, কিছু পিঠা ও এক ভাঁড় মধু নিয়ে যেও, এবং তাঁকে জিজ্ঞাসা করবে যে ছেলেটি সুস্থ হয়ে উঠবে কিনা।
নবী অহিয় এখন অনেক বুড়ো হয়ে গিয়েছিলেন এবং আর দেখতে পেতেন না।
কিন্তু সদাপ্রভু তাকে বলেছিলেন যে রানী, অন্য আর একজন স্ত্রীলোকের ভান করে, নিজের ছেলের বিষয়ে জিজ্ঞাসা করতে আসবে – এবং সদাপ্রভু তাকে জানিয়ে দিয়েছিলেন তাকে কী বলতে হবে।
এস, যারবিয়ামের স্ত্রী! তুমি কেন অন্য একজন স্ত্রীলোকের ভান করছ?
তোমার জন্য আমার কাছে খারাপ খবর আছে।
ইস্রায়েলের ঈশ্বর সদাপ্রভুর পক্ষে তোমার স্বামীকে এই কথা বল: 'আমি লোকদের মধ্য থেকে তোমাকে উঁচুতে তুলেছিলাম এবং আমার লোক ইস্রায়েলীয়দের উপরে রাজা করেছিলাম।



আমি দায়ূদের বংশ থেকে রাজ্য ছিঁড়ে নিয়ে তোমাকে দিয়েছি, কিন্তু আমার দাস দায়ূদ যেমন করেছিলেন তেমন করে তুমি আমার আদেশগুলো পালন কর নি।
তোমার আগে অন্য সব রাজাদের চেয়েও তুমি বেশী খারাপ কাজ করেছ; তুমি অন্য দেব-দেবতা বানিয়েছ আর তোমার সোনার বাছুর বানিয়ে আমাকে অসন্তুষ্ট করে তুলেছ।
যেহেতু তুমি আমাকে স্বীকার করতে অস্বীকার করেছো, তাই আমি তোমার বংশের উপর বিপদ নিয়ে আসব এবং তোমার সব ছেলেদের – এই ছেলেটি যে অসুস্থ এবং আরো যারা সুস্থ আছে সবাইকে ধ্বংস করে দেব।
যেভাবে একটি স্থায়ী হাত বেলচা দিয়ে সার সরিয়ে ফেলে তেমনি আমি তোমার বংশকে সরিয়ে ফেলব।
আমি প্রতিজ্ঞা করে বলেছি তোমার বংশের যে সব লোক শহরে মরবে তাদের খাবে কুকুরে আর যারা মাঠের মধ্যে মরবে তাদের খাবে পাখীতে।
বাড়ী ফিরে যাও, এবং তুমি শহরে পা দেওয়া মাত্রই, ছেলেটি মারা যাবে এবং ইস্রায়েলের সবাই তার জন্য শোক করবে।
কিন্তু সে-ই কেবল তোমার বংশের একমাত্র লোক যে শান্তিতে শেষ হবে - যারবিয়ামের সম্পূর্ণ বংশে কেবলমাত্র এই ছেলেটির মধ্যেই ইস্রায়েলের ঈশ্বর সদাপ্রভু ভাল কিছু দেখতে পেয়েছেন।
সদাপ্রভু ইস্রায়েলের লোকদের উপরে এমন একজনকে রাজা করবেন যে যারবিয়ামকে একেবারে ধ্বংস করে দেবে।
সদাপ্রভু ইস্রায়েলকে আঘাত করবেন আর তাতে তা জলের মধ্যে দুলতে থাকা নল-খাগড়ার মত হবে।
ইস্রায়েলকে উপড়ে ফেলা হবে এবং ইউফ্রেটিস নদীর ওপারে ছড়িয়ে ছিটিয়ে থাকবে...
... কারণ তারা দেবদেবীর উপাসনা করে সদাপ্রভুকে অসন্তুষ্ট করে তুলেছে।
যারবিয়াম নিজে যে সব পাপ করেছে এবং ইস্রায়েলের লোকদের দিয়ে করিয়েছে তার জন্য সদাপ্রভু তাদের ত্যাগ করবেন।




১রাজাবলি ১৪:৮-১৬


যারবিয়ামের মতোই ছেলেটি মারা গেল।
না!!!!
রাজাদের ইতিহাস বইতে তাঁর যুদ্ধ এবং তাঁর শাসন লেখা আছে – কিন্তু তিনি পোড়ানো দেবদেবীর উপাসনা করে ইস্রায়েলকে মহা পাপে পরিণত করেছিলেন।
এদিকে যিহূদাতে, তাদের রাজা, রহবিয়ামও, লোকদেরকে মন্দ পথে পরিচালিত করেছিলেন।
এমন লোকদের মত যারা পূর্বে এই দেশে বাস করেছিলেন, লোকেরা সমস্ত ঘৃণার কাজ করতেন এবং সেখানে পুরুষ মন্দির- বেশ্যাও ছিল।
মিশরের রাজা শীশক – তিনি তাঁর সম্পূর্ণ সেনাবাহিনীর সাথে এগিয়ে গেলেন।
নবীরা ঠিক কথা বলেছেন। সদাপ্রভু তাঁর নিয়ম ত্যাগ করার জন্য আমাদের শাস্তি দেবেন।
রাজা শীশক এবং তাঁর বাহিনী আক্রমণ করে ইস্রায়েলে প্রবেশ করেছিল।
তাঁর মনে একটা বিষয় ছিল...
বুম


সদাপ্রভুর ঘরের ও রাজবাড়ীর সমস্ত ধন-দৌলত এবং সোনার তৈরী সব ঢালগুলো নিয়ে নেয়া।
তারা আমার প্রাসাদের শোভা বর্ধণ করবে।
রাজাকে যেতে দাও। আমরা ফিরে আসব – যিরূশালেমের সমস্ত ধন সম্পদ বোঝাই করে।
তাদের রাজার জন্য এটি একটি শিক্ষা হতে পারে।
রাজা শীশক তাদের ধন সম্পদ ছিনিয়ে নেবার পরে, রাজা রহবিয়াম সোনার বদলে ব্রোঞ্জের ঢাল তৈরী করালেন।
তারপর তিনি মারা গেলেন – এবং তাঁর ছেলে অবিয়াম সিংহাসনে এসেছিলেন।


অবিয়াম তাঁর বাবা যারবিয়ামের জায়গায় রাজত্ব করলেন– এবং তাঁর বাবার মতই – তাঁর হৃদয় সদাপ্রভুর প্রতি নিবেদিত ছিল না।
পুরুষ মন্দির বেশ্যারাও তাদের দেশে থাকতে পারবে এবং উঁচু স্থানগুলির আশেরা খুঁটিগুলো থাকতে পারবে। [1]
[1] – উঁচু স্থানগুলি ছিল পশু উৎসর্গ, পতিতাবৃত্তি, ধূপ জ্বালানো এবং মানুষ উৎসর্গ সহ পৌত্তলিক ধর্মীয় উপাসনার স্থান।
তাদের কাছে মহাযাজক ছিলেন যাঁরা বাল ও আশেরার “দেবদেবীদের” উপাসনায় নেতৃত্ব দিয়েছিলেন – পাশাপাশি সূর্য, চাঁদ, নক্ষত্র এবং আকাশের সমস্ত দেবতা। [2]
[2] উঁচু জায়গাগুলিতে উর্বরতার স্তম্ভগুলি উর্বরতার মহিলা দেবীর এবং পুরুষ দেবদেবীদের চিত্র বর্ণনা করেছিল।
অবিয়ামের সারা জীবন ধরে যিহূদা এবং ইস্রায়েলের বংশের মধ্যে যুদ্ধ চলেছিল।
কিন্তু সদাপ্রভু তাকে মাত্র তিন বছর সিংহাসনে বসতে দিয়েছিলেন এবং তারপর তিনি মারা যান।
কিন্তু সদাপ্রভু তাঁকে একজন ছেলে দিয়েছিলেন, আসা, যে তাঁর বাবার পথে না চলার সিদ্ধান্ত নিয়েছিলেন।


তাদেরকে এই কুঠারের নিচে রাখ। আমার চোখ এই দুষ্ট জায়গা দেখতে পাবে না।
সদাপ্রভুর ঘরের পাশে আমার বাবা এবং দাদুর স্থাপন করা প্রতিমাগুলোও সরিয়ে ফেলুন।
আমি তোমার বাবার মা – তুমি আমাকে প্রাসাদ থেকে সরাতে পারবে না।
আপনি একটা জঘন্য আশেরা মূর্তি তৈরী করার সিদ্ধান্ত নিয়েছিলেন – ঠিক আমাদের আগের বাসিন্দাদের মত।
আপনি কি চান সদাপ্রভু যেভাবে সেগুলি সরিয়ে ফেলেছে ঠিক তেমনি তিনি আমাদেরও সরিয়ে দিক? অতএব, আমি আপনাকে রাজমাতার পদ থেকে সরিয়ে দিচ্ছি।
এই সমস্ত উৎসর্গীকৃত উপহার দিয়ে উপাসনালয় পূর্ণ কর।
আমরা সদাপ্রভুর উপাসনা সঠিকভাবে করব।
কিন্তু ইস্রায়েলে তাঁর প্রতিপক্ষ, রাজা বাশা যুদ্ধের জন্য প্রস্তুত ছিলেন।
সৈন্যদের সংখ্যা শক্তিশালী করুন। বাশা ইস্রায়েলের সিংহাসনে বসেছেন। তিনি যারবিয়ামের ছেলে, নাদবকে মেরে ফেলেছিলেন। সদাপ্রভু তাকে বেঁচে থাকতে দেন নি।



যারবিয়ামের ছেলেকে মেরে ফেলার পরে, বাশা নবী অহিয়ের মাধ্যমে সদাপ্রভুর বলা বাকী কথা পূর্ণ করলেন।
যারবিয়ামের পরিবারের সকলকে মেরে ফেল – একজনও যেন না বাঁচে।
বাশা কেবল খুনীই প্রমাণিত হয়নি – কিন্তু তিনিও যারবিয়ামের মত পাপের পথে চলেছেন ।
সুতরাং সদাপ্রভু – নবী যেহূর মধ্য দিয়ে বলে পাঠালেন।
আমি তোমাকে ধুলা থেকে তুলে এনে আমার লোক ইস্রায়েলীয়দের নেতা করেছি; কিন্তু তুমি যারবিয়ামের পাপের পথে চলেছ।
তুমি আমার লোকদের দিয়ে পাপ করিয়েছ, আর আমাকে অসন্তুষ্ট করে তুলেছ।
আমি যারবিয়ামের পরিবারের সাথে যা করেছিলাম, ঠিক সেইভাবে তোমাকে এবং তোমার বংশকে ধ্বংস করে দেব।
তোমার যে লোকেরা শহরে মরবে তাদের কুকুরে খাবে, আর মাঠের মধ্যে যারা মরবে তাদের পাখীতে খাবে।




১রাজাবলি ১৫:১৬-২২




১রাজাবলি ১৫:২৩-২৪; ১৬:৬-১০


সিম্রি তখনই বাশার পরিবারের সব পুরুষকে মেরে ফেলেছিল।
যেহূ যেমন ভবিষ্যদ্বাণী করেছিলেন – ঠিক তেমনই বাশার পুরো বাড়িটি গ্রাস হয়ে গেছে।
তাঁর রাজত্ব, অবশ্য, অল্প-সময়ের ছিল। সৈন্যরা এবং ইস্রায়েলের অনেক লোক তাদের সেনাপতি, অম্রিকে, রাজা হিসেবে ঘোষণা করেছিল।
সেনাপতি অম্রি রাজা হিসাবে!!
ইস্রায়েলের সমস্ত সেনাবাহিনী তির্সার রাজবাড়ীতে, সিম্রির বিরুদ্ধে যুদ্ধ করেছিল।
আপনার সেরা পুরুষদের দরজায় রাখুন
ইস্রায়েলের সৈন্যরা শহরটা অধিকার করার পরে, সিম্রি রাজবাড়ীর দুর্গে গেলেন এবং আগুন লাগিয়ে গোটা রাজবাড়ী পুড়িয়ে দিলেন।
সদাপ্রভুর বিরুদ্ধে তিনি যে মহাপাপ করেছিলেন সেই কারণে তিনি মারা গেলেন।


কিছু ইস্রায়েলীয়রা তিব্নি নামে এক ব্যক্তিকে সমর্থন করেছিল - কিন্তু শীঘ্রই অম্রি ও তার অনুসারীরা এই বিরোধিতা চূর্ণ করে ও তিব্নি মারা যায়।
একবার তিনি পুরোপুরি নেতা হিসাবে বন্দী হয়েছিলেন তিনি দুটি জিনিসের জন্য পরিচিত ছিলেন:
এক, তিনি একটি পাহাড় কিনে শমরিয়া শহর শুরু করেছিলেন।
কিন্তু দ্বিতীয়টি, এবং সবচেয়ে খারাপ, তিনি ইস্রায়েলের সদাপ্রভুকে অসন্তুষ্ট করেছিলেন।
বার বছর তিনি রাজত্ব করেছিলেন এবং ইস্রায়েলের লোকদের অসার প্রতিমা পূজাতে নিয়ে এসেছিলেন।
এবং তিনি একটি ছেলে রেখে গেছেন যে ইস্রায়েলের ইতিহাসে চিরকালের জন্য কুখ্যাত হবে...আহাব।





SUPERBIBLE.TV